

প্রধানমন্ত্রিকে নিয়ে কটুক্তি
জাতীয় বিশ্ববিদ্যালয়ের
শিক্ষকের বিরুদ্ধে
চার্জ গঠন

■ আদালত প্রতিবেদক
ফেসবুকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার পরিবার নিয়ে কটুক্তির অভিযোগে দায়ের করা মামলায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভূগোল বিভাগের শিক্ষক একেএম ওহিদুজ্জামানের বিরুদ্ধে অভিযোগ গঠন করেছেন আদালত। গতকাল সোমবার আসামির অধ্যাহতির আবেদন শুনানি শেষে ঢাকা মহানগর হাকিম হারুন অর রশীদ আসামির বিরুদ্ধে অভিযোগ গঠন করেন। একই সঙ্গে সাক্ষ্য গ্রহণের জন্য আগামী ২৩ মার্চ দিন ধার্য করা হয়। এর আগে আসামির উপস্থিতিতে বিচারক আসামি দোষী না নির্দোষ- তা জানতে চান। আসামি নিজেকে নির্দোষ দাবি করেন। এ সময় বাদীও আদালতে উপস্থিত ছিলেন।

সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে প্রধানমন্ত্রী ও তার পরিবারের বিরুদ্ধে কটুক্তির অভিযোগে ২০১৩ সালের ৮ অক্টোবর জননেত্রী পরিষদের সভাপতি এবি সিদ্দিকী মামলাটি দায়ের করেন। ওই দিন ওহিদুজ্জামানের বিরুদ্ধে অভিযোগ আমলে নিয়ে থেকডারি পরোয়ানা জারি করা হয়। গত বছরের ৬ নভেম্বর আত্মসমর্পণ করলে ওহিদুজ্জামানকে কারাগারে পাঠানো হয়। পরে হাইকোর্ট থেকে তিনি জামিন পান।